

## এপিডিউর্যাল (EPIDURAL) তথ্য কার্ড

প্রসবের সময়ে এপিডিউর্যাল - আপনার কি জানা দরকার (এই কার্ডটি একটি সংক্ষিপ্ত বিবরণ। আরও তথ্য [www.oaformothers.info](http://www.oaformothers.info) থেকে পাওয়া যাবে। আপনার অ্যানাসথেসিস্টের সাথে (যে ডাক্তার শরীর অবশ্যকারী ওষুধ দেন) যে বিষয়টি আপনি বুঝতে পারছেন না সেটা নিয়ে আলোচনা করুন)

### আপনার এপিডিউর্যাল লাগানো

- আপনার শিরার মধ্য দিয়ে ক্যানুলা (cannula) লাগানোর দরকার হতে পারে এবং ড্রিপ দেবারও দরকার হতে পারে।
- যখন এপিডিউর্যাল লাগানো হচ্ছে, তখন অবশ্যই আপনি নড়াচড়া করবেন না এবং অ্যানাসথেসিস্টকে জানাবেন আপনার কোনো সংকোচন হচ্ছে কি না।
- এটা লাগাতে সাধারণতঃ 20 মিনিট লাগে আর এটি কাজ করতে 20 মিনিট সময় নেয়।
- কোনো কোনো এপিডিউর্যাল পুরোমাত্রায় কাজ করে না এবং এদের আবার ভালো করে লাগাতে হয় বা ওটা বদলে অন্য আর একটা লাগাতে হয়।

### এপিডিউর্যালের সুবিধা

- এর দ্বারা খুব ভালোভাবে যন্ত্রণার উপশম হয়।
- কখনও কখনও তাড়াতাড়ি ফল দেবার জন্য প্রথমে স্পাইনাল দেওয়া হয়।
- আপনি যাতে বিছানায় নড়ে চড়ে শুতে পারেন তার জন্য শরীরের কোনো একটি বিশেষ অংশে দেবার অ্যানাসথেটিক অর্থাৎ অবশ্যকারী ওষুধ বা এর মাত্রা কখনও কখনও বদলানো যেতে পারে। একে বলে কম মাত্রার (বা মোবাইল অর্থাৎ চলনশীল) এপিডিউর্যাল।
- সাধারণতঃ এপিডিউর্যাল আপনার শিশুর কোনো ক্ষতি করবে না।
- যদি দরকার হয় সীজারিয়ানে (প্রসবের জন্য অস্ত্রোপচার) অন্যান্য ওষুধের সাথে এর প্রয়োগ করা (টপ-আপ) যেতে পারে।

### এপিডিউর্যাল নিলে আপনার যে সব সমস্যা হওয়ার সম্ভাবনা আছে

- শরীরের একাংশে বেশী জোরদার অ্যানাসথেটিক নেওয়ার সাথে সাথে যদি বারবার এপিডিউর্যাল লাগানো হয়, তাহলে তারফলে সাময়িকভাবে পায়ের দুর্বলতা হয় এবং এর ফলে ফরসেপ করে বা ভেন্টুস (ventouse) দিয়ে প্রসব করানোর ঝুঁকি বেড়ে যায়।
- এপিডিউর্যালের জন্য প্রসবের দ্বিতীয় পর্যায়টির দেরী হতে পারে।
- এপিডিউর্যাল নিলে আপনার নিম্ন রক্তচাপ, চুলকানি বা জ্বর হতে পারে।
- এপিডিউর্যাল নেবার জায়গাটা নরম থাকবে কিন্তু সেটা কয়েকদিনের জন্য মাত্র। পিঠে বা কোমরের পেছনে ব্যাথার কারণ এপিডিউর্যাল নয়, এটা গর্ভাবস্থার পরে সচরাচর দেখা যায়।

এই কার্ডের অপর পাশে এপিডিউর্যালের গুরুতর ঝুঁকির কথা বলা হয়েছে



## এপিডিউর্যাল তথ্য কার্ড

প্রসব যন্ত্রণা লাঘব করার জন্য এপিডিউর্যাল বা স্পাইন্যাল নেবার ঝুঁকি

ঝুঁকির ধরণ	কতবার এরকম হতে পারে?	এটা কত সচরাচর হয়?
রক্তচাপ খুবই নেমে যাওয়া	প্রতি 50 জন মহিলার মধ্যে একজনের	মাঝেমাঝে হয়
প্রসবযন্ত্রণা লাঘব করার জন্য ভালোভাবে কাজ করছে না সূতরাং আপনাকে ব্যথা কমানোর জন্য অন্য কিছু ব্যবহার করতে হবে	প্রতি 8 জন মহিলার মধ্যে একজনের	সচরাচরই হয়
সীজারিয়ানে এটা ভালো কাজ করছে না সেজন্য আপনাকে সারা শরীর অবশ করার জন্য অ্যানাসথেটিক দিতে হবে	প্রতি 20 জন মহিলার মধ্যে একজনের	কখনো কখনো হয়
প্রচন্ড মাথার যন্ত্রণা	প্রতি 100 জন মহিলার মধ্যে একজনের (এপিডিউর্যাল) প্রতি 500 জন মহিলার মধ্যে একজনের (স্পাইন্যাল)	সচরাচর হয় না
নার্ভের ক্ষতি (পায়ে কিংবা পায়ের পাতায় কোনো জায়গায় অবশ্যাব, বা পায়ের দুর্বলতা)	সাময়িক - প্রতি 1,000 জন মহিলার মধ্যে একজনের	বিরল
6 মাসের বেশি এই অবস্থা থাকলে	চিরস্থায়ী - প্রতি 13,000 মহিলার মধ্যে একজনের	বিরল
এপিডিউর্যাল অ্যাবসকেস অর্থাৎ ক্ষত (Epidural abscess) (সংক্রমণ)	প্রতি 50,000 মহিলার মধ্যে একজনের	অতি বিরল
মেনিনজাইটিস (Meningitis)	প্রতি 100,000 মহিলার মধ্যে একজনের	অতি বিরল
এপিডিউর্যাল হিম্যাটোমা (Epidural haematoma) (রক্ত জমাট বাঁধা)	প্রতি 170,000 মহিলার মধ্যে একজনের	অতি বিরল
আচমকা অজ্ঞান হয়ে যাওয়া	প্রতি 100,000 মহিলার মধ্যে একজনের	অতি বিরল
গুরুতর আঘাত, প্যারালিসিসও হয়ে যাওয়া সম্ভব	প্রতি 250,000 মহিলার মধ্যে একজনের	অতি অতি বিরল

প্রকাশিত দলিল পত্রাদি থেকে নেওয়া তথ্যাদি এইসব ঝুঁকির ক্ষেত্রে একেবারে সঠিক পরিসংখ্যান দেয় না। যে সব সংখ্যা ওপারে দেওয়া হল সেগুলো একটি নির্ণয় মাত্র এবং বিভিন্ন হাসপাতালে এটি বিভিন্ন প্রকারের হতে পারে।

এই কার্ডের অপর পাশে প্রসবযন্ত্রণার জন্য এপিডিউর্যাল সম্বন্ধে তথ্য প্রদান করা হয়েছে

